

(প্রেস বিজ্ঞপ্তি)

১৫ জুলাই ২০২৪খ্রি.

চসিকের মোবাইল কোর্ট রাস্তা ও নালা উপর দোকান বসিয়ে ব্যবসার করার দায়ে
পাঁচ ব্যক্তিকে ৫৫ হাজার টাকা জরিমানা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের নির্বাহী ম্যাজিস্ট্রেট চৈতী সর্ববিদ্যা সোমবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালনা করেন। কোর্ট পরিচালনাকালে খুলশী থানাধীন জাকির হোসেন রোডস্থ হলি ক্রিসেন্ট হাসপাতাল সংলগ্ন রাস্তা ও নালা উপর অবৈধভাবে স্থাপিত দোকান উচ্ছেদ করেন। অভিযানে ট্রেড লাইসেন্স বিহীন ব্যবসা করা, রাস্তার উপর দোকানের অংশ বর্ধিত করা ও ফুটপাতে ব্যবসা করার অপরাধে ৫ ব্যক্তির বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ৫৫ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮